



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

সোনারগাঁও, নারায়ণগঞ্জ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

website: www.sonargaonmuseum.gov.bd

বিষয়: গত ২৪.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: রবিউল ইসলাম,
উপপরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

সভার তারিখ : ২৪.১২.২০১৮ খ্রি:

সময় : বেলা ১১.০০টা

স্থান : সভাকক্ষ, বালোকাফা

উপস্থিতি : নিম্নোল্লিখিত সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন:

০১. জনাব একেএম আজাদ সরকার, ডিসপ্লে অফিসার -সদস্য, ইনোভেশন টিম
০২. জনাব মো: ইয়ামিন খান, রেজিস্ট্রেশন অফিসার -সদস্য
০৩. জনাব মিজানুর রহমান, ভারপ্রাপ্ত (ভা:) হিসাব রক্ষক (আইসিটি পার্সন হিসেবে) -সদস্য
০৪. জনাব মো: আশরাফুল আলম নয়ন, তত্ত্বাবধায়ক (আইসিটি পার্সন হিসেবে) -সদস্য-সচিব

বিগত সভার সিদ্ধান্তে পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন অবস্থা, ফাউন্ডেশন দপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের ক্ষেত্রে পন্থা উদ্ভাবন ও চর্চা, কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধিসহ ২০১৮-২০১৯ সালের বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত যে সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে সে সকল লক্ষ্যমাত্রার অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করে নিম্নোবর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হলো:

ক্র:নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
০১.	ইনোভেশন সংক্রান্ত পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ	বিগত ১২.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর ২০১৮ মাসের ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো।
০২.	ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ	প্রতিমাসের ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। সে সংগে ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে। বাস্তবায়নকারী: পি.এ/প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত এবং আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক
০৩.	ওয়েবসাইট হালনাগাদকরণ	ফাউন্ডেশনের ওয়েবসাইট নিয়মতভাবে হালনাগাদ করতে হবে এবং অনুষ্ঠিতব্য সকল আনুষ্ঠানিক কার্যক্রম ওয়েবসাইটে নিয়মিত উপস্থাপন করতে হবে। বাস্তবায়নকারী: আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক
০৪.	ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ	ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ শীঘ্রই শুরু করা হবে। বাস্তবায়নকারী: উপপরিচালক
০৫.	ই-মেইল ব্যবহার	সকল চিঠি-পত্র, প্রতিবেদন ইত্যাদির হার্ড কপি মন্ত্রণালয় অথবা অন্য কোন দপ্তরে প্রেরণের সাথে সাথে সফট কপি ই-মেইল যোগে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। বাস্তবায়নকারী: পি.এ/প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত এবং আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক
০৬.	সেবা প্রক্রিয়া সহজীকরণ	সেবা প্রক্রিয়া সহজীকরণ নিমিত্ত আইভিআর বেইজড হেল্পডেস্ক চালু করা হয়েছে সুষ্ঠু পরিচালনার নিমিত্ত অভ্যর্থনাকারীকে দায়িত্ব দেয়া হলো। বাস্তবায়নকারী: প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত পি.এ ও অভ্যর্থনাকারী

০৭.	ই-টেন্ডার চালু	ই-টেন্ডার চালুর ক্ষেত্রে সকল ক্রয় অনলাইনে সম্পন্ন করার প্রক্রিয়া প্রস্তুত হয়েছে। এ পর্যায়ে টেন্ডার ফ্লোট করতে হবে। বাস্তবায়নকারী: সংশ্লিষ্ট কর্মকর্তা ও উপসহকারী প্রকৌশলী
০৮.	ই-ফাইলিং	অনলাইনের মাধ্যমে দাপ্তরিক নথি পরিচালনার ই-ফাইলিং ক্ষুদ্র পরিসরে চালু করা হয়েছে। ই-ফাইলিং পদ্ধতি আরো গতিশীল করতে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা প্রদান করা হলো। বাস্তবায়নকারী: উপপরিচালক, সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারি, আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক
০৯.	সফটওয়্যার তৈরি ও ব্যবহার	সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত স্টোর, লাইব্রেরি ও নিদর্শন দ্রব্য ম্যানেজম্যান্ট সফটওয়্যার তৈরি করা হয়েছে। সুষ্ঠু পরিচালনা ও পর্যবেক্ষণের নিমিত্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক কে দায়িত্ব দেয়া হলো। বাস্তবায়নকারী: আইসিটি পার্সন হিসেবে দায়িত্ব প্রাপ্ত ভা: হিসাব রক্ষক ও তত্ত্বাবধায়ক

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(মো: রবিউল ইসলাম)

উপপরিচালক

ও

ইনোভেশন অফিসার

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

স্মারক নং:

১. পরিচালক মহোদয়ের একান্ত সহকারী
২. ইনোভেশন টিমের সদস্যগণ
৩. সংশ্লিষ্ট নথি
৪.

তারিখ:

-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য

(মো: রবিউল ইসলাম)

উপপরিচালক

ও

ইনোভেশন অফিসার

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন